



তথ্যবিবরণী

নম্বর- ৩০২

স্বামীর ধূমপান অধূমপায়ী স্ত্রীর জন্য প্রথম নারী নির্ধাতন

- অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ ইমতিয়াজ হোসেন

রাজশাহী; ১১ আষাঢ় (২৫ জুন):

স্বামীর ধূমপান অধূমপায়ী স্ত্রীর জন্য প্রথম নারী নির্ধাতন বলে মন্তব্য করেছেন রাজশাহীর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) মোঃ ইমতিয়াজ হোসেন। আজ মঙ্গলবার (২৫ জুন) দুপুরে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত তামাক বিরোধী এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সহযোগিতায় ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রমের আওতায় রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয় এ সেমিনার আয়োজন করে।

ইমতিয়াজ হোসেন বলেন, টোব্যাকো (তামাক) শব্দটি আমাদের মায়াজালে আচ্ছন্ন করে রাখে। যারা ধূমপান করে তারা অধূমপায়ীদের জন্য পরিবেশ ও বাতাসকে বিষাক্ত করে তোলে। ফলে ধূমপান না করেও অনেকে পরোক্ষ ধূমপানের ক্ষতির শিকার হচ্ছে, নানা রোগে আক্রান্ত হচ্ছে। তিনি ধূমপান নিষেধের সাইনসহ কোনো প্রচারণাতেই যেন ধূমপানে আকৃষ্ট হওয়ার মতো কোনো ছবি রাখা না হয় সেদিকে যত্নবান হতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) তরফদার মোঃ আক্তার জামিলের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তৃতা করেন রাজশাহী স্থানীয় সরকার বিভাগের পরিচালক পারভেজ রায়হান। অন্যান্যের মধ্যে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়ক মোঃ আখতারুজ্জামান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (শিক্ষা ও আইসিটি) মোহাম্মদ কবির উদ্দীন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মির্জা ইমাম উদ্দিন, বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের উপপরিচালক ডা. হাবিবুর রহমান, আরএমপি'র অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার সাবিনা ইয়াসমিন, সিভিল সার্জন ডা. আবু সাইদ মোহাম্মদ ফারুক, রাজশাহী মেডিকেল কলেজের মিডিসিন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. মোহাম্মদ হাসান তারিক প্রমুখ বক্তৃতা করেন।

সেমিনারে বক্তৃতা তামাক নিয়ন্ত্রণের জন্য জেলা ও উপজেলা টাঙ্কফোর্সকে সক্রিয় করা, গণপরিবহনের ড্রাইভার ও হেলপারদের ধূমপান থেকে বিরত রাখা, ইসিগারেট বিষয়ে সচেতনতা তৈরি, অপ্রাপ্ত বয়স্কদের নিকট সিগারেট বিক্রির জন্য শাস্তির ব্যবস্থা করা প্রভৃতি বিষয়ে গুরুত্বারোপ করেন।

.....
তৌহিদ/রুলুল/২০২৪/২০.০০ঘ.